



## প্রেস বিজ্ঞপ্তি

অধ্যাপক ড. মো. মুনির হোসেন তালুকদারের কেমব্রিজ পাবলিশিং ইউ.কে. থেকে প্রকাশিত নতুন গ্রন্থ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১ মার্চ ২০২০।

কেমব্রিজ স্কলার্স পাবলিশিং ইউ.কে. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের অধ্যাপক ড. মো. মুনির হোসেন তালুকদার কর্তৃক রচিত *Nature and Life: Essays on Deep Ecology and Applied Ethics* শিরোনামে আন্তর্জাতিক মানের একটি নতুন গ্রন্থ প্রকাশ করেছে। নতুন গ্রন্থটিতে পরিবেশ, নৈতিকতা, বহুসাংস্কৃতিবাদ সহ আন্তর্জাতিক ও জাতীয় অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে দার্শনিক আলোকপাত করা হয়েছে। বিশেষভাবে পরিবেশ দর্শনের অতি সাম্প্রতিক ধারা ‘গভীর বাস্তববিদ্যা’ ও রাষ্ট্র দর্শনের একটি মৌলিক ভাবনা ‘ভূ-সাংস্কৃতিক তত্ত্ব’ গ্রন্থটিতে বিশ্লেষণ ও উপস্থাপন করা হয়েছে। গ্রন্থটির মুখবন্ধ লিখেছেন পরিবেশ দর্শন ও নীতিবিদ্যার জনকখ্যাত আমেরিকার কলোরাডো বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক হোমস্ রলস্টন তৃতীয়, যেখানে তিনি গ্রন্থকারকে বাংলাদেশের একজন অন্যতম পরিবেশ দার্শনিক ও গভীর বাস্তববিদ হিসেবে আখ্যায়িত করেছেন। স্ট্যানফোর্ড, প্রিন্সটন, শিকাগো, মিসিগান, নিউ ইয়র্কসহ বিশ্বের অর্ধশত বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরীতে গ্রন্থটি ইতোমধ্যে সংযোজিত হয়েছে।

মাননীয় উপাচার্য উক্ত গ্রন্থ রচনা করার জন্য অধ্যাপক ড. মো. মুনির হোসেন তালুকদার-কে অভিনন্দন জানান ও শিক্ষা ও গবেষণায় তাঁর উত্তরোত্তর সাফল্য কামনা করেন।